

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬১

১/ পবিত্রতা (الله عن رسول الله کاب الطهارة عن رسول الله کاب الطهارة عن رسول الله کاب الله ک

পরিচ্ছেদঃ এক উযুতে একাধিক সালাত আদায় করা।

باب مَا جَاءَ أَنَّهُ يُصلِّي الصَّلَوَاتِ بِوُضُوءٍ وَاحِدٍ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارِ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ، عَنْ سُفْيَانَ، عَنْ عَلْقَمَةَ بْنِ مَرْثَدِ، عَنْ سُلَيْمَانَ بْن بُرَيْدَةَ، عَنْ أَبِيهِ، قَالَ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يَتَوَضَّأُ لِكُلّ صَلَاةٍ فَلَمَّا كَانَ عَامُ الْفَتْحِ صَلَّى الصَّلَوَاتِ كُلَّهَا بِوُضُوءٍ وَاحِدِ وَمَسَحَ عَلَى خُفَّيْهِ. فَقَالَ عُمَرُ إِنَّكَ فَعَلْتَ شَيْئًا لَمْ تَكُنْ فَعَلْتَهُ . قَالَ " عَمْدًا فَعَلْتُهُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَرَوَى هَذَا الْحَدِيثَ عَلِيٌّ بْنُ قَادِم عَنْ سُفْيَانَ التَّوْرِيِّ وَزَادَ فِيهِ " تَوَضَّا أَ مَرَّةً مَرَّةً " . قَالَ وَرَوَى سُفْيَانُ الثَّوْرِيُّ هَذَا الْحَدِيثَ أَيْضًا عَنْ مُحَارِبِ بْن دِثَارِ عَنْ سُلَيْمَانَ بْنِ بُرَيْدَةَ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ يَتَوَضَّأُ لِكُلِّ صَلَاةٍ . وَرَوَاهُ وَكِيعٌ عَنْ سُفْيَانَ عَنْ مُحَارِبِ بْن دِثَارِ عَنْ سُلَيْمَانَ بْن بُرَيْدَةَ عَنْ أَبِيهِ . قَالَ وَرَوَاهُ عَبْدُ الرَّحْمَن بْنُ مَهْدِيِّ وَغَيْرُهُ عَنْ سُفْيَانَ عَنْ مُحَارِبِ بْن دِتَارِ عَنْ سُلَيْمَانَ بْن بُرَيْدَةَ عَن النَّبِيّ صلى الله عليه وسلم مُرْسَلاً وَهَذَا أُصنَحُّ مِنْ حَدِيثِ وَكِيعٍ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ أَنَّهُ يُصِلِّي الصَّلَوَاتِ بِوُضُوءٍ وَاحِدِ مَا لَمْ يُحْدِثْ وَكَانَ بَعْضُهُمْ يَتَوَضَّأُ لِكُلّ صَلاَةٍ اسْتِحْبَابًا وَإِرَادَةَ الْفَصْل . وَيُرْوَى عَن الإِفْرِيقِيّ عَنْ أَبِي غُطَيْفِ عَن ابْن عُمَرَ عَن النَّبِيّ صلى الله عليه وسلم قَالَ " مَنْ تَوَضَّأً عَلَى طُهْر كَتَبَ اللَّهُ لَهُ بِهِ عَشْرَ حَسنَات " . وَهَذَا إِسْنَادٌ ضَعِيفٌ . وَفِي الْبَابِ عَنْ جَابِرِ بْن عَبْدِ اللَّهِ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم صلَّى الظُّهْرَ وَالْعَصْرَ بؤضُوءٍ وَاحِد .

বাংলা

৬১. মুহাম্মাদ ইবনু বাশা্শার (রহঃ) বুরায়দা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন নবী (সাল্লাল্লাহু আলাইহি



ওয়াসাল্লাম) প্রত্যেক সালাতের জন্য উয়্ (ওজু/অজু/অযু) করতেন। কিন্তু মক্কা বিজয়ের দিন এক উযূতে সব ক'টি সালাত আদায় করেছিলেন এবং চামড়ার মোজায় মাসেহ করেছিলেন। উমর রাদিয়াল্লাহু আনহু তখন তাঁকে বললেন আপনি আজকে এমন একটি কাজ করলেন যা পূর্বে কখনও করেননি। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন হ্যাঁ, ইচ্ছা করেই এমন করেছি। - ইবনু মাজাহ ৫১০, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৬১ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিয়ী বলেন এই হাদিসটি হাসান ও সহীহ। আলী ইবনু কাদিম এই হাদিসটি সুফইয়ান ছাওরীর সনদে বর্ণনা করেছেন। তবে এতে নিম্নোক্ত বাক্যটি অতিরিক্ত রয়েছেঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রতিটি অঙ্গ একবার করে ধুয়ে উযূ করেছেন।

সুফইয়ান ছাওরী এই হাদিসটি মুহারিব ইবনু দিছার সুলায়মান ইবনু বুরয়দা রাদিয়াল্লাহু আনহু সূত্রে এরূপ বর্ণনা করেছেন যে, নবীসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রত্যেক সালাতের জন্য উযূ করতেন। ওয়াকী সুফইয়ান মুহারিব সুলায়মান ইবনু বুরায়দা রাদিয়াল্লাহু আনহু সূত্রে এই হাদিসটি বর্ণিত হয়েছে। আবদুর রহমান ইবনু মাহদী প্রমুখ রাবী এই হাদিসটি সুফইয়ান মুহারিব ইবনু দিছার সুলায়মান ইবনু বুরায়দা সূত্রে সুরসাল হিসাবে বর্ণনা করেছেন। এটি ওয়াকী বর্ণিত রিওয়াত অপেক্ষা সহীহ।

আলিমগণ এই হাদিস অনুসারে মত পোষণ করেন তাঁরা বলেন উয় নষ্ট না হওয়া পর্যন্ত একই উয়তে একধিক সালাত আদায় করা যায়। তাঁদের কেউ কেউ বলেন অধিক ফযীলত লাভের আশায় প্রত্যেক সালাতের জন্য উয় করা মুস্তহাব। আফিরীকী (রহঃ) আবু গুতায়ফ সূত্রে ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন তাহারাত অবস্থায়ও যদি কেউ উয়ু করে তবে আল্লাহ তাকে দশটি নেকী দিবেন। এই সনদটি যঈফ। এই বিষয়ে জাবির ইবনু আবদিল্লাহ রাদিয়াল্লাহু আনহু থেকেও বর্ণিত আছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একই উযুতে যুহর ও আসর আদায় করেছেন।

English

Sulaiman bin Buraidah narrated that his father said:

"The Prophet would perform Wudu for every Salat. So during the year of the Conquest, he performed all of the prayers with one Wudu, and he wiped over his Khuff. So Umar said, 'You did something that you have not done before?' He replied: "I did it on purpose."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ বুরায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন